# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

## জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ সার্কেলসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের কর আদায় সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

## বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী জাতীয় সংসদে রিপোর্ট উপস্থাপনের জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## ২০১৮ - ২০১৯

## প্রথম খণ্ড

### অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

[জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ সার্কেলসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের কর আদায় সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট]

## অর্থ বছর : ২০১৭-২০১৮

### বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী জাতীয় সংসদে রিপোর্ট উপস্থাপনের জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচিপত্র


| ক্রঃনং | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | মুখবন্ধ | |
| ২ | প্রথম অধ্যায় | ১ |
| ৩ | অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ | ৩ |
| | অডিট বিষয়ক তথ্য | ৫ |
| | ম্যানেজমেন্ট ইস্যু | ৫ |
| | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ৬ |
| | অডিটের সুপারিশ | ৬ |
| ৪ | দ্বিতীয় অধ্যায় (অডিট অনুচ্ছেদসমূহ) | ৭-১৬ |
| ৫ | মহাপরিচালকের স্বাক্ষর | ১৬ |
| ৬ | অনুচ্ছেদ ভিত্তিক পরিশিষ্ট | দ্বিতীয় খণ্ড |

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ- ১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এণ্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ সার্কেল অফিসের ২০১৭-২০১৮ অর্থ বছরের আর্থিক কার্যক্রমের উপর রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষাপূর্বক এ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ আদায়ের ক্ষেত্রে চিহ্নিত গুরুত্বপূর্ণ অনিয়মসমূহ সংশ্লিষ্ট অংশীজনের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য।

৩। নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।

৪। এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত ৫টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ অফিস প্রধানসহ জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান বরাবর উপস্থাপন করা হয়েছে এবং প্রাপ্তি সাপেক্ষে তাঁদের লিখিত জবাব বিবেচনাপূর্বক এ প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।

৫। এ নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারিকৃত Government Auditing Standards অনুসরণ করা হয়েছে।

৬। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ - ১৩২ অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখঃ ২৮/৬/১৪২৮ বঙ্গাব্দ
১১/১০/২০২১ খ্রিস্টাব্দ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

বাংলাদেশ

# প্রথম অধ্যায়

## (অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নং | শিরোনাম | জড়িত টাকার পরিমান | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১. | উপকরণ মূল্য ৭.৫% এর অধিক বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে বর্ধিত মূল্যের উপর রেয়াত গ্রহণ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৪৮,০৪,৮৯৪/- | ৯ |
| ২. | বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদনে ব্যবহৃত উপকরণ (কাঁচামাল) ক্রয়ের বিপরীতে ১ লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যের ক্রয়কৃত উপকরণ মূল্য যথাসময়ে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ না করে রেয়াত গ্রহণ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩৭,৫০,১৭৪/- | ১০-১১ |
| ৩. | পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় না করায় আর্থিক ক্ষতি। | ১১,০৭,০৩২/- | ১২ |
| ৪. | উৎসে মূসক কর্তন না করায় এবং মূসক দণ্ডসুদসহ সরকারি তহবিলে জমা প্রদান না করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩৪,৭২,৯০৪/- | ১৩ |
| ৫. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ ৩টি সার্কেলের নিরীক্ষাযোগ্য রেকর্ডপত্র উপস্থাপন না করায় রাজস্ব আদায়ের সঠিকতা নিরূপণ করা সম্ভব হয়নি। | - | ১৪-১৬ |
| | মোট= | ১,৩১,৩৫,০০৪/- | |

কথায় : এক কোটি একত্রিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার চার টাকা মাত্র।

# অডিট বিষয়ক তথ্য

| | | |
|---|---|---|
| নিরীক্ষা অর্থ বৎসর | : | ২০১৭-২০১৮। |
| নিরীক্ষিত প্রতিষ্ঠান | : | জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ সার্কেলসমূহ। |
| নিরীক্ষার প্রকৃতি | : | নিয়মানুগ নিরীক্ষা। (Compliance Audit) |
| নিরীক্ষার সময় | : | ০৩-০২-২০১৯ খ্রিঃ হতে ৩০-০৪-২০১৯ খ্রিঃ পর্যন্ত। |
| নিরীক্ষা পদ্ধতি | : | |

- রাজস্ব আদায়ের এসেস্‌মেন্ট সংক্রান্ত রেকর্ডপত্র সরেজমিনে যাচাই।
- রাজস্ব আদায় সংক্রান্ত অন্যান্য রেকর্ডপত্র সরেজমিনে যাচাই।

| | | |
|---|---|---|
| অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধান | : | মহাপরিচালক, রাজস্ব অডিট অধিদপ্তর। |
| ম্যানেজমেন্ট ইস্যু | : | |

- সরকারের প্রাপ্তি যথাযথভাবে আদায় করা হয়নি।
- ভ্যাট বাবদ আদায়কৃত অর্থ যথাসময়ে সরকারি কোষাগারে জমা দিলে ঐ বছরের জন্য আদায়যোগ্য/আপত্তিকৃত অর্থের সমপরিমাণ অর্থ কম ঋণ গ্রহণ করতে হতো এবং সুদও দেয়ার প্রয়োজন হতো না। কেননা এ যাবতকাল পর্যন্ত সরকার ঘাটতি বাজেট করে আসছে এবং এ ঘাটতি পূরণের জন্য দেশীয় ব্যাংক/বন্ড হতে ১০% বা ততোধিক হারে সুদে ঋণ গ্রহণ করতে হয়।

**অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ** :

- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ পরিপালন না করা।
- জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর আদেশসমূহ যথাযথভাবে পরিপালন না করা।
- বাংলাদেশ সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ অনুযায়ী নিরীক্ষা দলের নিকট রেকর্ডপত্রাদি উপস্থাপন না করা।

**অডিটের সুপারিশ** :

- সরকারের আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করা আবশ্যক।
- অনিয়মের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে অনাদায়ী অর্থ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের তদারকি জোরদার করা প্রয়োজন।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।
- বাংলাদেশ সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ অনুযায়ী নিরীক্ষা দলের নিকট রেকর্ড পত্রাদি সরবরাহ করা আবশ্যক।

# দ্বিতীয় অধ্যায়
## (অডিট অনুচ্ছেদসমূহ)

**অনুচ্ছেদ নং- ১**

| | | |
|---|---|---|
| শিরোনাম | : | **উপকরণ মূল্য ৭.৫% এর অধিক বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে বর্ধিত মূল্যের উপর রেয়াত গ্রহণ করায় সরকারের ৪৮,০৪,৮৯৪/- (আটচল্লিশ লক্ষ চার হাজার আটশত চুরানব্বই) টাকা আর্থিক ক্ষতি।** |
| বিবরণ | : | জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ ৩টি সার্কেল অফিসের ২০১৭-২০১৮ আর্থিক সনে উপকরণ মূল্য ৭.৫% এর অধিক বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে বর্ধিত মূল্য এর উপর রেয়াত গ্রহণ করায় সরকারের ৪৮,০৪,৮৯৪/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।<br><br>উল্লিখিত সার্কেলসমূহের হিসাব নিরীক্ষাকালে বিভিন্ন কোম্পানি/প্রতিষ্ঠানের মাসিক দাখিলপত্র (মূসক-১৯), মূসক-১, বিল অব এন্ট্রি, মূসক-১১ ও চলতি হিসাব রেজিস্টার (মূসক-১৮) পর্যালোচনায় দেখা যায় যে, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ এর উপধারা (১) এর দফা (ছছ) এর উপ-দফা (অঅ) মোতাবেক মোট উপকরণ মূল্য ৭.৫% এর অধিক বৃদ্ধি প্রাপ্ত হলে নতুন করে মূল্য ঘোষণা প্রদান ব্যতিরেকে বর্ধিত মূল্যের উপর প্রদত্ত উপকরণ কর রেয়াত নেয়া যাবে না। আলোচ্য ক্ষেত্রে রেয়াত প্রদান করায় সরকারের ৪৮,০৪,৮৯৪/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে। (বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট নং- ১ (১.১-১.৩) দ্রষ্টব্য। পরিশিষ্টের পৃষ্ঠা নং- (১-৪)। |
| অনিয়মের কারণ | : | মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ৯ এর উপধারা -১ এর (ছছ) এর উপধারা (অঅ) এর লঙ্ঘন। |
| নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | : | মাঠ পর্যায়ে নিরীক্ষাকালে প্রাথমিক নিরীক্ষা জিজ্ঞাসাপত্র জারির পর ২টি অডিটি প্রতিষ্ঠান জানায় যে, যাচাইপূর্বক পরবর্তীতে জবাব প্রদান করা হবে। অপর ১টি অডিটি প্রতিষ্ঠান জবাব প্রদানে বিরত থাকে। |
| নিরীক্ষা মন্তব্য | : | স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তির সহায়ক নয়, কারণ অডিটি প্রতিষ্ঠান কর্তৃক যাচাই বাছাই কার্যক্রম সম্পর্কে নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা হয়নি।<br><br>মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ এর উপধারা (১) এর দফা (ছছ) এর উপ-দফা (অঅ) মোতাবেক মোট উপকরণ মূল্য ৭.৫% এর অধিক বৃদ্ধির প্রাক্কালে মূল্য ঘোষণা আবশ্যক ছিল। ৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২১-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ১ মাস সময় দিয়ে চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড বরাবর ১২-০৯-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।<br><br>উল্লেখ্য, অনুরূপ অডিট অনুচ্ছেদ বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত বার্ষিক অডিট রিপোর্ট ২০০৫-২০০৬, ২০০৬-২০০৭, ২০০৮-২০০৯, ২০০৮-২০১১, ২০১১-২০১২, ২০১২-২০১৩ এ স্থান পেয়েছে। |
| নিরীক্ষার সুপারিশ | : | আপত্তিকৃত ৪৮,০৪,৮৯৪/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং- ২

| | | |
|---|---|---|
| শিরোনাম | : | বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদনে ব্যবহৃত উপকরণ (কাঁচামাল) ক্রয়ের বিপরীতে ১ লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যের ক্রয়কৃত উপকরণ মূল্য যথাসময়ে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ না করে রেয়াত গ্রহণ করায় সরকারের ৩৭,৫০,১৭৪/- (সাঁইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার একশত চুয়াত্তর) টাকা আর্থিক ক্ষতি। |
| বিবরণ | : | জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ ৬টি সার্কেল অফিসের ২০১৭-২০১৮ আর্থিক সনে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদনে ব্যবহৃত উপকরণ (কাঁচামাল) ক্রয়ের বিপরীতে ১ লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যের ক্রয়কৃত উপকরণ মূল্য যথাসময়ে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ না করে রেয়াত গ্রহণ করায় সরকারের ৩৭,৫০,১৭৪/- টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে ।<br><br>উল্লিখিত সার্কেলসমূহের হিসাব নিরীক্ষাকালে বিভিন্ন কোম্পানি/প্রতিষ্ঠানের মাসিক দাখিলপত্র (মূসক-১৯), মূসক-১১ ও চলতি হিসাব রেজিস্টার (মূসক-১৮) পর্যালোচনায় দেখা যায় যে, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ এর উপধারা ১ (ঢ) অনুযায়ী একই মালিকানাধীন নিবন্ধিত সরবরাহকারী ও সরবরাহ গ্রহীতার মধ্যে উপকরণ আদান প্রদানের ক্ষেত্র ব্যতীত পণ্য বা সেবার উপকরণের ক্রয়মূল্য ১ (এক) লক্ষ টাকা বা তদূর্ধ্ব হলে এবং উহার সমুদয় বা আংশিক ক্রয়মূল্য ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যম ব্যতীত পরিশোধিত হলে সে ক্ষেত্রে উক্ত ক্রয়মূল্যের উপর পরিশোধিত উপকরণ কর রেয়াত নেয়া যাবে না। কিন্তু এখানে করদাতা প্রতিষ্ঠান উপকরণ ক্রয়ের ক্ষেত্রে নন্ ক্যাশ পেমেন্ট করেছেন তার কোন দালিলিক প্রমাণ পাওয়া যায়নি অর্থাৎ ব্যাংকিং লেনদেনের কোন প্রমাণক না থাকায় উক্ত উপকরণ ক্রয়ের বিপরীতে গৃহীত উপকরণ কর রেয়াত বাতিলযোগ্য। (বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট নং-২ (২.১-২.৬) দ্রষ্টব্য। পরিশিষ্টের পৃষ্ঠা নং- (৫-১৩)। |
| অনিয়মের কারণ | : | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ এর উপধারা ১ (ঢ) এর লঙ্ঘন। |
| নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | : | মাঠ পর্যায়ে নিরীক্ষাকালে প্রাথমিক নিরীক্ষা জিজ্ঞাসাপত্র জারির পর ১টি অডিটি প্রতিষ্ঠান জানায় যে, যাচাইপূর্বক পরবর্তীতে জবাব প্রদান করা হবে। অপর ১টি অডিটি প্রতিষ্ঠান জানায় যে, গৃহীত রেয়াতের বিপরীতে প্রয়োজনীয় কাগজাদি দাখিলপত্র আপাতত সংরক্ষিত না থাকায় সংগ্রহ করে প্রেরণ করা হবে। ৪টি অডিটি প্রতিষ্ঠান জবাব প্রদানে বিরত থাকে। |

| | | |
|---|---|---|
| নিরীক্ষা মন্তব্য | : | স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তির সহায়ক নয়, কারণ অডিটি প্রতিষ্ঠান কর্তৃক যাচাই বাছাই কার্যক্রম সম্পর্কে নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা হয়নি। <br><br> মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৯ এর উপধারা ১ (ঢ) অনুযায়ী একই মালিকানাধীন নিবন্ধিত সরবরাহকারী ও সরবরাহ গ্রহীতার মধ্যে উপকরণ আদান প্রদানের ক্ষেত্র ব্যতীত পণ্য বা সেবার উপকরণের ক্রয়মূল্য ১ (এক) লক্ষ টাকা বা তদূর্ধ্ব হলে রেয়াত গ্রহণের ক্ষেত্রে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ করা আবশ্যক ছিল। <br><br> ৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২১-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ১ মাস সময় দিয়ে চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড বরাবর ১২-০৯-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | : | আপত্তিকৃত ৩৭,৫০,১৭৪/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক। |

৩—

অনুচ্ছেদ নং- ৩

| | | |
|---|---|---|
| শিরোনাম | : | পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় না করায় ১১,০৭,০৩২/- (এগার লক্ষ সাত হাজার বত্রিশ) টাকা আর্থিক ক্ষতি । |
| বিবরণ | : | জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ ২টি সার্কেল অফিসের ২০১৭-২০১৮ আর্থিক সনে পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় না করায় ১১,০৭,০৩২/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে ।<br><br>উল্লিখিত সার্কেলসমূহের হিসাব নিরীক্ষাকালে বিভিন্ন কোম্পানি/প্রতিষ্ঠানের মাসিক দাখিলপত্র (মূসক-১৯), মূসক-১১ ও চলতি হিসাব রেজিস্টার (মূসক-১৮) পর্যালোচনায় দেখা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং ১৬৮-আইন/২০১৪/৭১৩-মূসক, তারিখ : ৩০ শে জুন, ২০১৪ খ্রিঃ মোতাবেক পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় বিধিমালা, ২০১৪ এর অনুচ্ছেদ ২ (চ) মোতাবেক পরিবেশ দূষণকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে উৎপাদিত সকল ধরনের পণ্যের উপর মূল্যভিত্তিক ১% হারে পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায়যোগ্য, যা আদায় করা হয় নাই। (বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট নং- ৩ (৩.১-৩.২) দ্রষ্টব্য। পরিশিষ্টের পৃষ্ঠা নং- (১৪ - ১৬)। |
| অনিয়মের কারণ | : | জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-১৬৮-আইন/২০১৪/৭১৩- মূসক, তারিখ ৩০-০৬-২০১৪ খ্রিঃ মোতাবেক পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় বিধিমালা, ২০১৪ এর অনুচ্ছেদ ২(চ) এর লঙ্ঘন। |
| নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | : | মাঠ পর্যায়ে নিরীক্ষাকালে প্রাথমিক নিরীক্ষা জিজ্ঞাসাপত্র জারির পর ১টি অডিটি প্রতিষ্ঠান জানায় যে, সারচার্জ আদায়ের জন্য ইতোমধ্যে কার্যক্রম নেয়া হয়েছে। আদায় হওয়া মাত্রই নিরীক্ষা অধিদপ্তরকে অবহিত করা হবে। অপর ১টি অডিটি প্রতিষ্ঠান জানায় যে, অডিট আপত্তি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পরবর্তীতে মতামত প্রদান করা হবে। |
| নিরীক্ষার মন্তব্য | : | স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তির সহায়ক নয়, কারণ অডিটি প্রতিষ্ঠান কর্তৃক যাচাই বাছাই কার্যক্রম সম্পর্কে নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা হয়নি।<br><br>জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং ১৬৮-আইন/২০১৪/৭১৩-মূসক, তারিখ : ৩০ শে জুন, ২০১৪ খ্রিঃ মোতাবেক পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় বিধিমালা, ২০১৪ এর অনুচ্ছেদ ২ (চ) অনুযায়ী পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় করা আবশ্যক ছিল।<br><br>৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২১-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ১ মাস সময় দিয়ে চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড বরাবর ১২-০৯-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | : | আপত্তিকৃত ১১,০৭,০৩২/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক। |

নি

## অনুচ্ছেদ নং- ৪

শিরোনাম : **উৎসে মূসক কর্তন না করায় এবং মূসক দণ্ডসুদসহ সরকারি তহবিলে জমা প্রদান না করায় সরকারের ৩৪,৭২,৯০৪/- (চৌত্রিশ লক্ষ বাহাত্তর হাজার নয়শত চার) টাকা আর্থিক ক্ষতি।**

বিবরণ : জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ ২টি সার্কেল অফিসের ২০১৭-১৮ আর্থিক সনে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮ (খ) মোতাবেক উৎসে মূসক কর্তনকারী কর্তৃপক্ষ হিসেবে উৎসে মূসক বাবদ ২৩,৪৬,৫৫৭/- টাকা কর্তন না করায় দণ্ডসুদসহ ৩৪,৭২,৯০৪/- টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে ।

উল্লিখিত সার্কেলসমূহের হিসাব নিরীক্ষাকালে বিভিন্ন কোম্পানি/প্রতিষ্ঠানের মাসিক দাখিলপত্র (মূসক-১৯), মূসক-১১ ও চলতি হিসাব রেজিস্টার (মূসক-১৮) পর্যালোচনায় দেখা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ১৪/মূসক/২০১৭ তারিখ : ১লা জুলাই ২০১৭ খ্রিঃ তারিখে জারিকৃত সেবার কোড এস ০৩৭ অনুযায়ী সেবা প্রদানকারী (যোগানদার) মূসক পরিশোধ ব্যতিরেকে সেবা প্রদান করলে সরবরাহকৃত পণ্যের বা সেবার মূল্যের উপর ৫% হারে উৎসে মূসক কর্তনের বিধান থাকলেও প্রতিষ্ঠান কর্তৃক উৎসে মূসক কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে। একই আদেশের অনুচ্ছেদ নং- ৬ অনুযায়ী উৎসে কর্তনের দায়িত্ব থাকা সত্ত্বেও মূসক কর্তন করা না হলে উক্ত অর্থ মাসিক ২% সুদসহ তার নিকট থেকে আদায়যোগ্য হবে, যেন তিনি পণ্য বা সেবা সরবরাহকারী। (বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট নং- ৪ (৪.১-৪.২) দ্রষ্টব্য। পরিশিষ্টের পৃষ্ঠা নং- (১৭-১৯))।

অনিয়মের কারণ : জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ১৪/মূসক/২০১৭ তারিখ : ১লা জুলাই ২০১৭ খ্রিঃ তারিখে জারিকৃত সেবার কোড এস ০৩৭ এর লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : মাঠ পর্যায়ে নিরীক্ষাকালে প্রাথমিক নিরীক্ষা জিজ্ঞাসাপত্র জারির পর ১টি অডিটি প্রতিষ্ঠান জানায় যে, অডিট আপত্তি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পরবর্তীতে মতামত প্রদান করা হবে। অপর ১টি অডিটি প্রতিষ্ঠান জবাব প্রদানে বিরত থাকে।

নিরীক্ষা মন্তব্য : স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তির সহায়ক নয়, কারণ অডিটি প্রতিষ্ঠান কর্তৃক যাচাই বাছাই কার্যক্রম সম্পর্কে নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা হয়নি। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ১৪/মূসক/২০১৭ তারিখ : ১লা জুলাই ২০১৭ খ্রিঃ এর সেবার কোড এস ০৩৭ অনুযায়ী সেবা প্রদানকারীর (যোগানদার) পণ্যের বা সেবার মূল্যের উপর ৫% হারে উৎসে মূসক কর্তন করা আবশ্যক ছিল এবং একই আদেশের অনুচ্ছেদ নং- ৬ অনুযায়ী উৎসে কর্তনের দায়িত্ব থাকা সত্ত্বেও মূসক কর্তন না করায় উক্ত অর্থের মাসিক ২% সুদসহ আদায় করা আবশ্যক ছিল।

৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২১-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ১ মাস সময় দিয়ে চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড বরাবর ১২-০৯-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি। আদায়যোগ্য/আপত্তিকৃত উৎসে মূসক জুন, ২০১৯ এর মধ্যে জমা না করা হলে যেদিন জমা করা হবে সেদিন পর্যন্ত দণ্ডসুদ হিসাব করতে হবে। উল্লেখ্য, অনুরূপ অডিট অনুচ্ছেদ বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত বার্ষিক অডিট রিপোর্ট ২০০৮-২০১১, ২০১১-২০১২, ২০১২-২০১৩ এ স্থান পেয়েছে ।

নিরীক্ষার সুপারিশ : আপত্তিকৃত ৩৪,৭২,৯০৪/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমাপূর্বক প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রদান করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৫

শিরোনাম : কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ ৩টি সার্কেলের নিরীক্ষাযোগ্য রেকর্ডপত্র উপস্থাপন না করায় রাজস্ব আদায়ের সঠিকতা নিরূপণ করা সম্ভব হয়নি।

বিবরণ : জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ ৩টি সার্কেল অফিসের ২০১৭-২০১৮ আর্থিক সনে নিরীক্ষাযোগ্য রেকর্ডপত্র উপস্থাপন না করায় রাজস্ব আদায়ের সঠিকতা নিরূপণ করা সম্ভব হয়নি। উল্লিখিত সার্কেলসমূহের হিসাব নিরীক্ষা পরিচালনার নিমিত্ত সংশ্লিষ্ট অফিসসমূহ কর্তৃক চাহিদা মোতাবেক কোন ধরনের রেকর্ড পত্রাদি নিরীক্ষা দলের নিকট উপস্থাপন না করে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর সাংবিধানিক দায়িত্ব পালনের প্রতিবন্ধকতা তৈরি করা হয়েছে।

নিরীক্ষা দল কর্তৃক সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলসমূহে দায়িত্বরত রাজস্ব কর্মকর্তার নিকট চাহিদাপত্রে উল্লিখিত নিরীক্ষা সংশ্লিষ্ট তথ্যাদি, সংশ্লিষ্ট সার্কেলে রক্ষিত নিবন্ধিত প্রতিষ্ঠানের মাসিক দাখিলপত্র (মূসক-১৯), মূল্য ঘোষণা (মূসক-১), চলতি হিসাব রেজিস্টার (মূসক-১৮) ও নিরীক্ষা সংশ্লিষ্ট অন্যান্য রেকর্ডপত্রাদি নিরীক্ষা দলের নিকট সরবরাহ করার জন্য অনুরোধ করা হলে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলসমূহে দায়িত্বরত রাজস্ব কর্মকর্তা কর্তৃক জানানো হয় যে, নিরীক্ষা সংক্রান্ত চাহিদাপত্রে উল্লিখিত তথ্য ও রেকর্ডপত্রাদি সরবরাহ না করতে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল নিয়ন্ত্রণকারী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগের বিভাগীয় কর্মকর্তা এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট অফিসের কমিশনার এর মৌখিক নির্দেশনা রয়েছে। চাহিদাপত্রে উল্লিখিত তথ্য ও রেকর্ডপত্রাদি সরবরাহ না করায় রাজস্ব আদায় ও রেয়াত গ্রহণের সঠিকতা যাচাই করা সম্ভব হয়নি। উল্লেখ্য যে, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সোনারগাঁও সার্কেল, ঢাকা (পূর্ব) কমিশনারেট, ঢাকা কর্তৃক ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব আদায়ের পরিমাণ ২৪১.৩৭ কোটি টাকা। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বরিশাল-১ সার্কেল, খুলনা কমিশনারেট ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বরিশাল-২ সার্কেল, খুলনা কমিশনারেট অফিস হতে ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব আদায়ের পরিমাণ জানা যায়নি। সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলসমূহে দায়িত্বরত রাজস্ব কর্মকর্তা, বিভাগীয় কর্মকর্তা ও কমিশনার এর নামের তালিকা নিম্নে দেওয়া হলো:—

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সোনারগাঁও সার্কেল, ঢাকা (পূর্ব) কমিশনারেট, ঢাকা।

১। জনাব মোঃ জামাল হোসেন- কমিশনার

২। জনাব মুনমুন আক্তার ডিনা- সহকারী কমিশনার

৩। জনাব মো: রমিজ শিকদার- রাজস্ব কর্মকর্তা

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বরিশাল-১ সার্কেল, খুলনা কমিশনারেট, খুলনা।

১। জনাব মোঃ মোস্তবা আলী- কমিশনার

২। জনাব হাবিবুর রহমান- সহকারী কমিশনার

৩। জনাব উত্তম কুমার- রাজস্ব কর্মকর্তা

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বরিশাল-২ সার্কেল, খুলনা কমিশনারেট, খুলনা।

১। জনাব মোঃ মোস্তবা আলী, কমিশনার

২। জনাব হাবিবুর রহমান, সহকারি কমিশনার

৩। জনাব মোঃ খবির আহাম্মদ ভূইয়া, রাজস্ব কর্মকর্তা

বাংলাদেশের সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ মোতাবেক "মহাহিসাব-নিরীক্ষক প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর সরকারি হিসাব নিরীক্ষা করিবেন ও অনুরূপ হিসাব সম্পর্কে রিপোর্ট দান করিবেন এবং সেই উদ্দেশ্যে তিনি কিংবা সেই প্রয়োজনে তাঁহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত যে কোন ব্যক্তির দখলভুক্ত সকল নথি, বহি, রসিদ, দলিল, নগদ অর্থ, স্ট্যাম্প, জামিন, ভান্ডার বা অন্য প্রকার সরকারি সম্পত্তি পরীক্ষার অধিকারী হইবেন"। আলোচ্য ক্ষেত্রে সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ অনুযায়ী নিরীক্ষা দলের নিকট চাহিদাপত্র অনুযায়ী তথ্য ও রেকর্ডপত্র সরবরাহ করা হয়নি। (বিস্তারিত বিবরণ ২য় খণ্ডের পরিশিষ্ট নং- ৫ দ্রষ্টব্য। পরিশিষ্টের পৃষ্ঠা নং- (২০)।

অনিয়মের কারণ : বাংলাদেশের সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ এর লঙ্ঘন।



৪—

| | | |
|---|---|---|
| নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | : | মাঠ পর্যায়ে নিরীক্ষাকালে ৩টি অডিটি প্রতিষ্ঠান নিরীক্ষা চাহিদাপত্র গ্রহণ করা সত্ত্বেও নিরীক্ষা করার নিমিত্ত কোন তথ্য ও রেকর্ডপত্র উপস্থাপনে অস্বীকৃতি জ্ঞাপন করে। প্রাথমিক নিরীক্ষা জিজ্ঞাসাপত্র জারির পর ৩টি অডিটি প্রতিষ্ঠান জবাব প্রদানে বিরত থাকে। |
| নিরীক্ষা মন্তব্য | : | স্থানীয় অফিসের জবাব নিষ্পত্তির সহায়ক নয়, কারণ অডিটি প্রতিষ্ঠান কর্তৃক যাচাই বাছাই কার্যক্রম সম্পর্কে নিরীক্ষা কার্যালয়কে অবহিত করা হয়নি। বাংলাদেশের সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ মোতাবেক প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত যে কোন ব্যক্তির দখলভুক্ত সকল নথি, বহি, রসিদ, দলিল, নগদ অর্থ, স্ট্যাম্প, জামিন, ভাণ্ডার বা অন্য প্রকার সরকারি সম্পত্তি নিরীক্ষায় উপস্থাপন আবশ্যক ছিল।<br><br>৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২১-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ১ মাস সময় দিয়ে চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড বরাবর ১২-০৯-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি। |
| নিরীক্ষার সুপারিশ | : | নিরীক্ষাযোগ্য রেকর্ডপত্র নিরীক্ষায় উপস্থাপনে অস্বীকৃতি জ্ঞাপন করায় সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ লঙ্ঘন করার বিষয়ে কর্তৃপক্ষের মন্তব্যসহ নিরীক্ষা অধিদপ্তরে জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো । |

২১/০৯/২১

(এস এম রেজভী)
মহাপরিচালক
রাজস্ব অডিট অধিদপ্তর।



বাঃসঃমুঃ-২০২০-২১/৪৯৯৪কম-এ(৯)—৭৬২ বই, ২০২১ইং।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

# দ্বিতীয় খণ্ড
## (পরিশিষ্টসমূহ)

## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

**জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ সার্কেলসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের কর আদায় সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট**

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী জাতীয় সংসদে রিপোর্ট উপস্থাপনের জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচিপত্র


| ক্রমিক নং | অনুচ্ছেদ নম্বর | পরিশিষ্ট নম্বর | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | ১ | ১ (১.১-১.৩) | ১-৪ |
| ২. | ২ | ২ (২.১-২.৬) | ৫-১৩ |
| ৩. | ৩ | ৩ (৩.১-৩.২) | ১৪-১৬ |
| ৪. | ৪ | ৪ (৪.১-৪.২) | ১৭-১৯ |
| ৫. | ৫ | ৫ | ২০ |

অনুচ্ছেদ নং-১
পরিশিষ্ট-১

বিষয় : উপকরণ মূল্য ৭.৫% অধিক বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে বর্ধিত মূল্য এর উপর রেয়াত গ্রহণ করায় সরকারের রাজস্ব ক্ষতির সংক্ষিপ্তসার :

| ক্রমিক নং | সার্কেলের নাম | কোম্পানির নাম | জড়িত টাকা | পরিশিষ্ট নং | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রূপগঞ্জ সার্কেল। | হামিদা প্লাস্টিক কন্টেইনার লিমিটেড, ভ্যাট নিবন্ধন নম্বর: ২১০৫১০০৬৮২০ | ৩১,৪২,৪৯২/- | ১.১ | ২ |
| ২. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ভূলতা সার্কেল। | এ সি আই ফুডস লিমিটেড, ভ্যাট নিবন্ধন নম্বর: ২১০৭১০০৮১২৯ | ৯৩,০৩৮/- | ১.২ | ৩ |
| ৩. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ফৌজদারহাট সার্কেল। | মেসার্স সমুদা কন্টেইনার্স লিঃ, লতিফপুর, উত্তর পাহাড়তলী, চট্টগ্রাম, ভ্যাট নিবন্ধন নং: ২৪১১১০০১৭৬৫ | ১৫,৬৯,৩৬৪/- | ১.৩ | ৪ |
| | | সর্বমোট= | ৪৮,০৪,৮৯৪/= | | |

অনুচ্ছেদ নং-১

পরিশিষ্ট নং-১.১

কোম্পানির নাম ঃ হামিদা প্লাস্টিক কন্টেইনার লিমিটেড, ভ্যাট নিবন্ধন নম্বর-২১০৫১০০৬৮২০

বিষয় ঃ উপকরণ মূল্য ৭.৫% অধিক বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে বর্ধিত মূল্য এর উপর রেয়াত গ্রহণ করায় সরকারের রাজস্ব ক্ষতির সংক্ষিপ্তসার :

| চালান/বিল অব এন্ট্রি নং ও তারিখ | ব্যবহৃত উপকরণ এর নাম | মূসক-১৯ ( দাখিলপত্র ) অনুযায়ী | | | | মূল্য ঘোষণা (মূসক-১) অনুযায়ী | | | অতিরিক্ত গৃহীত রেয়াত (টাকা) [ কলাম ৯ এর ১৫% ] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ক্রয়কৃত উপকরণের পরিমাণ | ক্রয়মূল্য (মূসক বাদে টাকা) | গৃহীত রেয়াত (টাকা) | প্রতি একক উপকরণের মূল্য (৪÷৩) | প্রতি একক উপকরণের মূল্য (টাকা) | প্রতি কেজিতে অতিরিক্ত বর্ধিত উপকরণ মূল্য (টাকা) (৬-৭) | মোট অতিরিক্ত মূল্য (টাকা) ৮×৩ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| সি-৯২৬৩১১, ২০/০৭/২০১৭ খ্রিঃ | Pet Resin | ২,৯৯,০০০ কেজি | ২,৭০,৭১,৯৮০.০০ | ৪০,৬০,৪৫৭.৯৭ | ৯০.৫৪ | ৭৭.৫৮ | ১২.৯৬ | ৩৮,৭৫,০৪০.০০ | ৫,৮১,২৫৬.০০ |
| সি-১১৫৯৭৬০, ১২/০৯/২০১৭খ্রিঃ | Pet Resin | ২,০৭,০০০ কেজি | ১,৭৬,০১,৪০৮.৫৬ | ২৬,৪০,২১১.২৮ | ৮৫.০৩ | ৭৭.৫৮ | ৭.৪৫ | ১৫,৪২,১৫০.০০ | ২,৩১,৩২২.০০ |
| সি-১১২৯৬৩৯, ২৯/৮/২০১৭খ্রিঃ | Pet Resin | ৪,৪০,০০০ কেজি | ৩,৭৮,৭২,৮৩০.৫০ | ৫৬,৮০,৯২৪.৫৭ | ৮৬.০৭ | ৭৭.৫৮ | ৮.৪৯ | ৩৭,৩৫,৬০০.০০ | ৫,৬০,৩৪০.০০ |
| সি-১৩৫৬২১৫ ৩০/১০/২০১৭ খ্রিঃ | Pet Resin | ২,৭৬,০০০ কেজি | ২,৫৭,৪৮,১১৮.৬৫ | ৩৮,৬২,২১৭.৮০ | ৯৩.২৯ | ৭৭.৫৮ | ১৫.৭১ | ৪৩,৩৫,৯৬০.০০ | ৬,৫০,৩৯৪.০০ |
| সি-১৪২৩২, ০৪/০১/২০১৭খ্রিঃ | Pet Resin | ৪,৬০,০০০ কেজি | ৪,৩১,৪৭,৪৪৮.৪০ | ৬৪,৭২,১১৭.২৬ | ৯৩.৮০ | ৭৭.৫৮ | ১৬.২২ | ৭৪,৬১,২০০.০০ | ১১,১৯,১৮০.০০ |
| | | | | | | | | সর্বমোট= | ৩১,৪২,৪৯২/= |

অনুচ্ছেদ নং-১
পরিশিষ্ট নং-১.২

বিষয় ঃ উপকরণ মূল্য ৭.৫% অধিক বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে বর্ধিত মূল্য এর উপর রেয়াত গ্রহণ করায় সরকারের রাজস্ব ক্ষতির সংক্ষিপ্তসার :

কোম্পানির নাম ঃ এ সি আই ফুডস লিমিটেড, ভ্যাট নিবন্ধন নম্বর ২১০৭১০০৮১২৯

| চালান/বিল অব এন্ট্রি নং ও তারিখ | ব্যবহৃত উপকরণ এর নাম | মূসক-১৯ ( দাখিলপত্র ) অনুযায়ী | | | | মূল্য ঘোষণা (মূসক-১) অনুযায়ী | | | অতিরিক্ত গৃহীত রেয়াত (টাকা) [ কলাম ৯ এর ১৫% ] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ক্রয়কৃত উপকরণের পরিমাণ | ক্রয় মূল্য (মূসক বাদে টাকা) | গৃহীত রেয়াত (টাকা) | প্রতি একক উপকরণের মূল্য (৪÷৩) | প্রতি একক উপকরণের মূল্য (টাকা) | প্রতি কেজিতে অতিরিক্ত বর্ধিত উপকরণ মূল্য (টাকা) (৬-৭) | মোট অতিরিক্ত মূল্য (টাকা) ৮x৩ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১৯৮৩, ২১/০৯/২০১৭খ্রিঃ | Fun cup cake | ৩,১২৩ কেজি | ১১,৫৫,৫১০/- | ১,৭৩,৩২৬.৫০ | ৩৭০ | ১৭১.৩৯ | ১৯৮.৬১ | ৬,২০,২৫৯.০০ | ৯৩,০৩৮/- |

অনুচ্ছেদ নং-১
পরিশিষ্ট নং-১.৩

বিষয় ঃ উপকরণ মূল্য ৭.৫% অধিক বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে বর্ধিত মূল্য এর উপর রেয়াত গ্রহণ করায় সরকারের রাজস্ব ক্ষতির সংক্ষিপ্তসার ঃ

কোম্পানির নাম ঃ মেসার্স সমুদা কন্টেইনার্স লিঃ, লতিফপুর, উত্তর পাহাড়তলী, চট্টগ্রাম। ভ্যাট নিবন্ধন নং-২৪১১১০০১৭৬৫ ।

| চালান/বিল অব এন্ট্রি নং ও তারিখ | ব্যবহৃত উপকরণ এর নাম | মূসক-১৯ ( দাখিলপত্র ) অনুযায়ী | | | | মূল্য ঘোষণা (মূসক-১) অনুযায়ী | | | অতিরিক্ত গৃহীত রেয়াত (টাকা) [ কলাম ৯ এর ১৫% ] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ক্রয়কৃত উপকরণের পরিমাণ | ক্রয় মূল্য (মূসক বাদে টাকা) | গৃহীত রেয়াত (টাকা) | প্রতি একক উপকরণের মূল্য (৪÷৩) | প্রতি একক উপকরণের মূল্য (টাকা) | প্রতি কেজিতে অতিরিক্ত বর্ধিত উপকরণ মূল্য (টাকা) (৬-৭) | মোট অতিরিক্ত মূল্য (টাকা) ৮×৩ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| সি-৭৯০৮৮৭, ২৯/০৫/২০১৮খ্রিঃ | Cold Rolled Steel Sheet In Coil | ৪,৮০,৮১০ কেজি | ৩,২৬,৩৩,৩৯১.১০ | ৪৮,৯৫,০০৮.৬৭ | ৬৭.৮৭ | ৪৬.১১ | ২১.৭৬ | ১,০৪,৬২,৪২৫/৬০ | ১৫,৬৯,৩৬৪/= |

অনুচ্ছেদ নং-২
পরিশিষ্ট-২

বিষয় ঃ ক্রয়কৃত উপকরণ মূল্য যথাসময়ে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ না করার সংক্ষিপ্তসার :

| ক্রমিক নং | সার্কেলের নাম | কোম্পানির নাম | জড়িত টাকা | পরিশিষ্ট নং | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রূপগঞ্জ সার্কেল। | ১। হামাস প্যাকেজিং ইন্ডাঃ, তারাবো, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।<br>২। শরীফ হোম এপ্লায়েন্স লিঃ, বরাবো, তারাবো, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।<br>ভ্যাট নিবন্ধন নম্বর-২১০৫১০০৮৩৮৮ | ৭,৩৩,৯২৮/৯৬ | ২.১ | ৬ |
| ২. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ভূলতা সার্কেল। | বাজাজ বাংলাদেশ লিঃ, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। ভ্যাট নিবন্ধন নম্বর-২১০৭১০০৭৮৩২ | ২,২০,৩৮৬/৩৭ | ২.২ | ৭ |
| ৩ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নাসিরাবাদ সার্কেল। | এস, এ প্রিন্টিং এন্ড প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ নাসিরাবাদ, চট্টগ্রাম। | ৫৭,৪৫২/৪৩ | ২.৩ | ৮ |
| ৪. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কক্সবাজার সার্কেল। | ১। জিনান মটরস, রুমালিয়ার ছরা, কক্সবাজার। করদাতা সনাক্তকরণ সংখ্যা -২৪১৬১০৫২৪৬০<br>২। ঈশান মটরস, রামু, কক্সবাজার। করদাতা সনাক্তকরণ সংখ্যা - ২৪১৬১০১১২১৯ | ১২,২৬,৬১৬/৯৭ | ২.৪ | ৯ |
| ৫. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও সার্কেল। | Twinings Ovaltine Bangladesh Ltd., Tejgaon, Dhaka-1208<br>করদাতা সনাক্তকরণ সংখ্যা-১৯০৯১০১৭০৬২ | ১৪,১১,৯৭৭/- | ২.৫ | ১০ |
| ৬. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও সার্কেল। | Tahoe Communications Ltd., Khilkhet, Dhaka. | ৯৯,৮১২/- | ২.৬ | ১১ |
| | | সর্বমোট= | ৩৭,৫০,১৭৩/৭৩ | | |

অনুচ্ছেদ নং-২
পরিশিষ্ট-২.১

প্রতিষ্ঠানের নাম ঃ রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট রূপগঞ্জ সার্কেল, ঢাকা (পূর্ব), ঢাকা।

কোম্পানীর নাম ঃ ১। হামাস প্যাকেজিং ইন্ডাঃ, তারাবো, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

২। শরীফ হোম এপ্লায়েন্স লিঃ, বরাবো, তারাবো, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। ভ্যাট নিবন্ধন নম্বর-২১০৫১০০৮৩৮৮

বিষয় ঃ ক্রয়কৃত উপকরণ মূল্য যথাসময়ে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ না করার বিবরণী :

| চালান নং ও তারিখ | কোম্পানির নাম | বিক্রয়কারী প্রতিষ্ঠানের নাম | পণ্যের নাম | ক্রয় মূল্য | গৃহীত রেয়াত (মূসক-১৮ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৯৬৫, ২৪/০১/২০১৮খ্রিঃ | হামাস প্যাকেজিং ইন্ডাঃ, তারাবো, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | ইউনুছ অফসেট পেপার মিলস লিঃ, তারাবো, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | মিডিয়াম পেপার | ১,৭৪,৩২০/- | ২৬,১৪৮/- |
| ১৮৫৩৪৬৮, ১০/০৫/২০১৮খ্রিঃ | শরীফ হোম এপ্লায়েন্স লিঃ, বরাবো, তারাবো, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | বার্জার পেইন্ট বাংলাদেশ লিঃ, ঢাকা। | ই পি গ্লে ক্রিসেন্ট হোয়াইট | ১,০২,০০৫/- | ১৫,৩০০/৭৫ |
| ১৮৫৩৫৮১, ৩০/৫/২০১৮খ্রিঃ | " | " | " | ৩,৬৪,৩০৬/- | ৫৪,৬৪৫/৯০ |
| ১৮৫৩০৯২২৫, ২০/৭/২০১৭খ্রিঃ | " | " | " | ১,৮২,১৫৩/১৭ | ২৭,৩২২/৯৮ |
| ১৮৫৩০৭৮০৮, ৮/৭/২০১৭খ্রিঃ | " | " | " | ১,৮২,১৫৩/১৮ | ২৭,৩২২/৯৮ |
| ১৮৫৩১৫৯৩৪, ১৭/০৯/২০১৭খ্রিঃ | " | " | " | ১,৮২,১৫৩/১৭ | ২৭,৩২২/৯৮ |
| ১৮৫৩১৯৪৪৯, ১১/১০/২০১৭খ্রিঃ | " | " | " | ১,৮২,১৫৩/১৮ | ২৭,৩২২/৯৮ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ২৮, ২২/০৫/২০১৮খ্রিঃ | " | জাপান স্টীল হাউজ, টঙ্গী, গাজীপুর। | ফ্লাট রোল্ড আইরন/স্টীল | ২,১০,০০০/- | ৮,৪০০/- |
| ১৭৬৩, ৩১/০৭/২০১৭খ্রিঃ | " | আর আর ইম্পেরিয়াল ইলেকট্রিক লিঃ, সোনারগাঁও, নারায়ণগঞ্জ। | সুপার এনামেল্ড | ৬,৫২,২৬৯/১৩ | ৯৭,৮৪০/৩৭ |
| ৩০৬২, ১৩/০৯/২০১৭খ্রিঃ | " | " | " | ৭,০৪,৫০৯.১৮ | ১,০৫,৬৭৬/৩৮ |
| ৩৮০২, ২৬/০৯/২০১৭খ্রিঃ | " | " | " | ৭,০৪,৬৩১/৭৪ | ১,০৫,৬৯৪/৭৬ |
| ৪৫৮০, ০৯/১০/২০১৭খ্রিঃ | " | " | " | ৭,০৩,২৯৪/১৮ | ১,০৫,৪৯৪/১৩ |
| ৫১৮৯, ১৯/১০/২০১৭খ্রিঃ | " | " | " | ৭,০২,৯১১/৭২ | ১,০৫,৪৩৬/৭৫ |
| | | | | মোট= | ৭,৩৩,৯২৮/৯৬ |

২—

অনুচ্ছেদ নং-২
পরিশিষ্ট-২.২

প্রতিষ্ঠানের নাম ঃ রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ভূলতা সার্কেল, ঢাকা (পূর্ব), ঢাকা।

কোম্পানির নাম ঃ বাজাজ বাংলাদেশ লিঃ, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। ভ্যাট নিবন্ধন নম্বর- ২১০৭১০০৭৮৩২

বিষয় ঃ ক্রয়কৃত উপকরণ মূল্য যথাসময়ে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ না করার বিবরণী :

| চালান নং ও তারিখ | কোম্পানির নাম | বিক্রয়কারী প্রতিষ্ঠানের নাম | পণ্যের নাম | ক্রয় মূল্য | গৃহীত রেয়াত (মূসক-১৮ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩৪১৮, ১৫/১১/২০১৭খ্রিঃ | বাজাজ বাংলাদেশ লিঃ, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | ইথিক্যাল টয়লেট্রিজ লিঃ, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | Bajaj Almond Hair Oil Drops 200 ml | ৫,১৪,২৩৪.৮৮ | ৭৭,১৩৫.২৩ |
| ৩৪১৯, ১৫/১১/২০১৭খ্রিঃ | বাজাজ বাংলাদেশ লিঃ, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | ইথিক্যাল টয়লেট্রিজ লিঃ, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | Bajaj Almond Hair Oil Drops 200 ml | ৫,১৪,২৩৪.৮৮ | ৭৭,১৩৫.২৩ |
| ৩৪২০, ১৬/১১/২০১৭খ্রিঃ | বাজাজ বাংলাদেশ লিঃ, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | ইথিক্যাল টয়লেট্রিজ লিঃ, ভূলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | Bajaj Almond Hair Oil Drops 200 ml | ৪,৪০,৭৭২.৭৫ | ৬৬,১১৫.৯১ |
| | | | | | |
| | | | | মোট= | ২,২০,৩৮৬.৩৭ |

অনুচ্ছেদ নং-২

পরিশিষ্ট-২.৩

প্রতিষ্ঠানের নাম ঃ রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নাসিরাবাদ সার্কেল, চট্টগ্রাম।

কোম্পানীর নাম ঃ এস, এ প্রিন্টিং এন্ড প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ, নাসিরাবাদ, চট্টগ্রাম।

বিষয় ঃ ক্রয়কৃত উপকরণ মূল্য যথাসময়ে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ না করার বিবরণী :

| চালান নং ও তারিখ | কোম্পানির নাম | বিক্রয়কারী প্রতিষ্ঠানের নাম | পণ্যের নাম | ক্রয় মূল্য | গৃহীত রেয়াত (মূসক-১৮ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩৫৬, ১৯/৮/২০১৭খ্রিঃ | এস, এ প্রিন্টিং এন্ড প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ নাসিরাবাদ, চট্টগ্রাম। | ইউনুছ পেপার মিলস লিঃ, মিঠাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | লাইনার পেপার ২০ রুল | ২,৫৭,৬৯৬/২৫ | ৩৮,৬৫৪/৪৩ |
| ৩৬১০, ৩১/৮/২০১৭খ্রিঃ | এস, এ প্রিন্টিং এন্ড প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ নাসিরাবাদ, চট্টগ্রাম। | ইউনুছ পেপার মিলস লিঃ, মিঠাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। | মিডিয়াম পেপার | ১,২৫,৩২০/- | ১৮,৭৯৮/- |
| | | | | মোট= | ৫৭,৪৫২/৪৩ |

অনুচ্ছেদ নং-২
পরিশিষ্ট-২.৪

প্রতিষ্ঠানের নাম ঃ রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কক্সবাজার সার্কেল, চট্টগ্রাম।

কোম্পানির নাম ঃ ১। জিনান মটরস, রুমালিয়ার ছরা, কক্সবাজার। করদাতা সনাক্তকরণ সংখ্যা - ২৪১৬১০৫২৪৬০

২। ঈশান মটরস, রামু, কক্সবাজার। করদাতা সনাক্তকরণ সংখ্যা – ২৪১৬১০১১২১৯

বিষয় ঃ ক্রয়কৃত উপকরণ মূল্য যথাসময়ে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ না করার বিবরণী :

| চালান নং ও তারিখ | কোম্পানীর নাম | বিক্রয়কারী প্রতিষ্ঠানের নাম | পণ্যের নাম | ক্রয় মূল্য | গৃহীত রেয়াত (মূসক-১৮ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৯৬, ১২/৭/২০১৭খ্রিঃ | জিনান মটরস রুমালিয়ার ছরা, কক্সবাজার। | নিলয় মটরস। মুরুলি রাজারহাট, কোতোয়ালী, যশোর। | Hero Motorcycle Hunk 149.2cc | ৫,৬২,২৬০/৮৮ | ৮৪,৩৩৯/১৩ |
| ১৯৬, ১২/৭/২০১৭খ্রিঃ | জিনান মটরস রুমালিয়ার ছরা, কক্সবাজার। | নিলয় মটরস। মুরুলি রাজারহাট, কোতোয়ালী, যশোর। | Hero Motorcycle Glumour 124.7cc | ৬,৫০,২৯৩/২০ | ৯৭,৫৪৩/৯৮ |
| ৪৮০, ১৬/১১/২০১৭খ্রিঃ | জিনান মটরস রুমালিয়ার ছরা, কক্সবাজার। | নিলয় মটরস। মুরুলি রাজারহাট, কোতোয়ালী, যশোর। | Hero Motorcycle Achiever 149.10cc | ২,২১,৫৬০/২০ | ৩৩,২৩৪/০৩ |
| ৪৮০, ১৬/১১/২০১৭খ্রিঃ | জিনান মটরস রুমালিয়ার ছরা, কক্সবাজার। | নিলয় মটরস। মুরুলি রাজারহাট, কোতোয়ালী, যশোর। | Hero Motorcycle Glumour 124.7cc | ৮,২৪,৫৫৩/২৫ | ১,২৩,৬৮২/৯৯ |
| ৪৮০, ১৬/১১/২০১৭খ্রিঃ | জিনান মটরস রুমালিয়ার ছরা, কক্সবাজার। | নিলয় মটরস। মুরুলি রাজারহাট, কোতোয়ালী, যশোর। | Hero Motorcycle Splendor plus 97.2cc | ১,৬৭,০০২/৮৩ | ২৫,০৫০/৪২ |
| ২০৯৪, ০২/১১/২০১৭খ্রিঃ | জিনান মটরস রুমালিয়ার ছরা, কক্সবাজার। | নিলয় মটরস। মুরুলি রাজারহাট, কোতোয়ালী, যশোর। | Hero Motorcycle Glumour 124.7cc | ৮,২৪,৫৫৩/২৫ | ১,২৩,৬৮২/৯৮ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ২০৯৪, ০২/১১/২০১৭খ্রিঃ | জিনান মটরস রুমালিয়ার ছরা, কক্সবাজার। | নিলয় মটরস। মুরুলি রাজারহাট, কোতোয়ালী, যশোর। | Hero Motorcycle Splendor I smart 109.15cc | ৩,৭৯,২২৩/১৯ | ৫৬,৮৮৩/৪৮ |
| ০১ ০৩/৭/২০১৭খ্রিঃ | ঈশান মটরস, রামু, কক্সবাজার। | উত্তরা মটরস লিঃ হোটেল হলিডে, কক্সবাজার। | Pulsar 150 cc | ৪,৪৩,৫৪৩/৪০ | ৬৬,৫৩১/৫১ |
| ০১ ০৩/৭/২০১৭খ্রিঃ | ঈশান মটরস, রামু, কক্সবাজার। | উত্তরা মটরস লিঃ হোটেল হলিডে, কক্সবাজার। | Discover 100 cc | ১,০৭,৬০৮/৭০ | ১৬,১৪১/৩০ |
| ০৫ ০৩/৭/২০১৭খ্রিঃ | ঈশান মটরস, রামু, কক্সবাজার। | উত্তরা মটরস লিঃ হোটেল হলিডে, কক্সবাজার। | Pulsar 150 cc | ১,৪৭,৮৪৭/৭০ | ২২,১৭৭/১৫ |
| ০৫ ০৩/৭/২০১৭খ্রিঃ | ঈশান মটরস, রামু, কক্সবাজার। | উত্তরা মটরস লিঃ হোটেল হলিডে, কক্সবাজার। | Discover 100 cc | ৪,৩০,৪৩৪/৭০ | ৬৪,৫৬৫/২০ |
| ০৮ ১২/৭/২০১৭খ্রিঃ | ঈশান মটরস, রামু, কক্সবাজার। | উত্তরা মটরস লিঃ হোটেল হলিডে, কক্সবাজার। | Pulsar 150 cc | ১০,৩৪,৯৩৪/৪০ | ১,৫৫,২৪০/১৬ |
| ১১ ১৩/৭/২০১৭খ্রিঃ | ঈশান মটরস, রামু, কক্সবাজার। | উত্তরা মটরস লিঃ হোটেল হলিডে, কক্সবাজার। | Discover 125 cc | ৬,৩৫,৫৪৩/৫০ | ৯৫,৩৩১/৫০ |
| ২৩ ২২/৭/২০১৭খ্রিঃ | ঈশান মটরস, রামু, কক্সবাজার। | উত্তরা মটরস লিঃ হোটেল হলিডে, কক্সবাজার। | Pulsar 150 cc | ৭,৩৯,২৩৯/- | ১,১০,৮৮৬/- |
| ২৫/৭/২০১৭খ্রিঃ | ঈশান মটরস, রামু কক্সবাজার। | উত্তরা মটরস লিঃ হোটেল হলিডে, কক্সবাজার। | Avenger 150 cc | ১০,০৮,৮৪৭/৬০ | ১,৫১,৩২৭/১৪ |
| | | | | মোট= | **১২,২৬,৬১৬/৯৭** |

অনুচ্ছেদ নং-২
পরিশিষ্ট-২.৫

প্রতিষ্ঠানের নাম ঃ রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও সার্কেল, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

কোম্পানির নাম ঃ Twinings Ovaltine Bangladesh Ltd., Tejgaon, Dhaka-1208

বিষয় ঃ ক্রয়কৃত উপকরণ মূল্য যথাসময়ে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ না করার বিবরণী ঃ

| চালান নং ও তারিখ | কোম্পানির নাম | বিক্রয়কারী প্রতিষ্ঠানের নাম | পণ্যের নাম | ক্রয় মূল্য | গৃহীত রেয়াত (মূসক-১৮ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৪৪৯৯, ১১/০৫/২০১৭ খ্রিঃ | Twinings Ovaltine Bangladesh Ltd., Tejgaon, Dhaka-1208 | মিডিয়া কনসালটেন্টস লিমিটেড, বনানী, ঢাকা-১২১৩। | Cost of advertisement | ৯৪,১৩,১৭৭/- | ১৪,১১,৯৭৭/- |

অনুচ্ছেদ নং-২
পরিশিষ্ট-২.৬

প্রতিষ্ঠানের নাম ঃ রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও সার্কেল, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

কোম্পানির নাম ঃ Tahoe Communications Ltd., Khilkhet, Dhaka.

বিষয় ঃ ক্রয়কৃত উপকরণ মূল্য যথাসময়ে ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যমে পরিশোধ না করার বিবরণী :

| চালান নং ও তারিখ | কোম্পানির নাম | বিক্রয়কারী প্রতিষ্ঠানের নাম | পণ্যের নাম | ক্রয় মূল্য | গৃহীত রেয়াত (মূসক-১৮ অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৪০২, ৩১/৭/২০১৭ খ্রিঃ | Tahoe Communications Ltd., Khilkhet, Dhaka. | সামিট কমিউনিকেশন্স লিঃ, কাওরান বাজার, ঢাকা-১২১৫। | Data Capacity | ২,৬০,০০০/- | ৩৯,০০০/- |
| ৪৯৩, ৬/৭/২০১৭খ্রিঃ | Tahoe Communications Ltd., Khilkhet, Dhaka. | Fiber @ Home Limited, Panthapath,Dhaka. | Monthly Charge | ৪,০৫,৪১৬/- | ৬০,৮১২/- |
| | | | | মোট= | ৯৯,৮১২/- |

অনুচ্ছেদ নং-৩
পরিশিষ্ট-৩

বিষয় ঃ পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতির সংক্ষিপ্তসার ঃ

| ক্রমিক নং | সার্কেলের নাম | কোম্পানির নাম | জড়িত টাকা | পরিশিষ্ট নং | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নাসিরাবাদ সার্কেল। | ম্যাক পেপার এন্ড বোর্ড মিলস লিঃ, বায়েজিদ বোস্তামী রোড, সি/এ, চট্টগ্রাম। ভ্যাট নিবন্ধন নং- ২৪০৮১০১২৬৬৯ | ৪,৪৪,৮৮২/৯২ | ৩.১ | ১৫ |
| ২. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কুমিল্লা সার্কেল। | মেঘনা কনডেন্সড মিল্ক ইন্ডাষ্ট্রিজ লিমিটেড, বরল, সদর দক্ষিণ, কুমিল্লা। ভ্যাট নিবন্ধন নং- ২৩০১১১০৬৪৯২ | ৬,৬২,১৪৮/৭৬ | ৩.২ | ১৬ |
| | | সর্বমোট= | ১১,০৭,০৩১/৬৮ | | |

অনুচ্ছেদ নং-৩
পরিশিষ্ট-৩.১

প্রতিষ্ঠানের নাম ঃ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নাসিরাবাদ সার্কেল।

বিষয় ঃ পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতির বিবরণী :

| প্রতিষ্ঠানের নাম ও ভ্যাট নিবন্ধন নং | সারচার্জ আরোপযোগ্য বিক্রয়মূল্য | সারচার্জ কর্তনের হার | আদায়যোগ্য সারচার্জ ( বিক্রয়মূল্যের ১% ) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ম্যাক পেপার এন্ড বোর্ড মিলস লিঃ, বায়েজিদ বোস্তামী রোড, সি/এ, চট্টগ্রাম। ভ্যাট নিবন্ধন নং- ২৪০৮১০১২৬৬৯ | ৪,৪৪,৮৮,২৯২/- | ১% | ৪,৪৪,৮৮২/৯২ |



৩—

অনুচ্ছেদ নং-৩
পরিশিষ্ট-৩.২

প্রতিষ্ঠানের নাম ঃ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নাসিরাবাদ সার্কেল।

বিষয় ঃ পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতির বিবরণী :

| প্রতিষ্ঠানের নাম ও ভ্যাট নিবন্ধন নং | সারচার্জ আরোপযোগ্য বিক্রয়মূল্য | সারচার্জ কর্তনের হার | আদায়যোগ্য সারচার্জ ( বিক্রয়মূল্যের ১% ) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| মেঘনা কনডেন্সড মিল্ক ইন্ডাস্ট্রিজ লিমিটেড বরল, সদর দক্ষিণ, কুমিল্লা। ভ্যাট নিবন্ধন নং- ২৩০১১১০৬৪৯২ | ৬,৬২,১৪,৮৭৬/৮০ | ১% | ৬,৬২,১৪৮/৭৬ |

অনুচ্ছেদ নং-৪
পরিশিষ্ট-৪

বিষয় ঃ স্থানীয়ভাবে ক্রয়কৃত কাঁচামালের উপর উৎসে মূসক কর্তন না করার সংক্ষিপ্তসার :

| ক্রমিক নং | সার্কেলের নাম | কোম্পানীর নাম | জড়িত টাকা | পরিশিষ্ট নং | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রূপগঞ্জ সার্কেল। | প্রভাতী আর্টিফিশিয়াল লেদার এন্ড ইন্ডাস্ট্রিজ, রূপসী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।<br>ভ্যাট নিবন্ধন নং- ২১০৫১০০৬১৫০ | ৯,৬৪,৩০৪/- | ৪.১ | ১৮ |
| ২. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কুমিল্লা সার্কেল। | ১। ফরিদ টোয়াইন এন্ড রোপ ইন্ডাঃ লিঃ, বিসিক,কুমিল্লা।<br>ভ্যাট নিবন্ধন নং- ২৩০১১০১৪৫৪৮<br>২। ফরিদ ফাইবার এন্ড উইভিং লিঃ, বিসিক, কুমিল্লা ,<br>ভ্যাট নিবন্ধন নং- ২৩০১১০০২১৪৭ | ২৫,০৮,৬০০/- | ৪.২ | ১৯ |
| | | সর্বমোট= | ৩৪,৭২,৯০৪/- | | |

প্রতিষ্ঠানের নাম ঃ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রূপগঞ্জ সার্কেল।

বিষয় ঃ উৎসে মূসক আদায় না করার বিবরণী।

| মাসের নাম | কোম্পানির নাম | সেবা প্রদানকারী/ক্রয়কারী প্রতিষ্ঠানের নাম | মালামালের বিবরণ | মূল্য | হার | আদায়যোগ্য মূসক |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আগস্ট/২০১৭ খ্রি. | প্রভাতী আর্টিফিশিয়াল লেদারএন্ড ইন্ডাস্ট্রিজ, রূপসী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। ভ্যাট নিবন্ধন নং- ২১০৫১০০৬১৫০ | মেসার্স যমুনা ট্রেডার্স, উকিলপাড়া, নারায়ণগঞ্জ। | পিপি গেঞ্জি কাপড় | ৯,০৯,০০০/- | ৫% | |
| সেপ্টেম্বর/২০১৭ খ্রি. | | " | " | ১০,৯২,৬০০/- | | |
| সেপ্টেম্বর/২০১৭ খ্রি. | | সোহাগ সিন্ডিকেট, গাজীপুর। | প্লেন রিলেইজ পেপার | ১৬,৫৯,০০০/- | | |
| অক্টোবর/২০১৭ খ্রি. | | মেসার্স যমুনা ট্রেডার্স, উকিলপাড়া, নারায়ণগঞ্জ। | এস পি কালো গেঞ্জি কাপড় | ৪,৬৭,৫০০/- | | |
| অক্টোবর/২০১৭ খ্রি. | | " | পিপি গেঞ্জি কাপড় | ১২,২০,৪০০/- | | |
| নভেম্বর/২০১৭ খ্রি. | | সোহাগ সিন্ডিকেট, গাজীপুর। | নন ওভেন ফেব্রিক্স | ১৩,১৮,২৪০/- | | |
| নভেম্বর/২০১৭ খ্রি. | | " | পিভিসি রেজিন | ১১,০০,০০০/- | | |
| ডিসেম্বর/২০১৭ খ্রি. | | মেসার্স যমুনা ট্রেডার্স, উকিলপাড়া, নারায়ণগঞ্জ। | পিপি গেঞ্জি কাপড় | ১১,৮৬,২০০/- | | |
| ফেব্রুয়ারি/২০১৮ খ্রি. | | " | পিপি গেঞ্জি কাপড় | ১২,৪০,২০০/- | | |
| ফেব্রুয়ারি/২০১৮ খ্রি. | | সোহাগ সিন্ডিকেট, গাজীপুর। | পিভিসি রেজিন | ১০,৫০,০০০/- | | |
| মার্চ/২০১৮ খ্রি. | | মেসার্স যমুনা ট্রেডার্স, উকিলপাড়া, নারায়ণগঞ্জ। | পিপি গেঞ্জি কাপড় | ৯,০০,২০০/- | | |
| মার্চ/২০১৮ খ্রি. | | " | এস পি কালো গেঞ্জি কাপড় | ৪,৯৫,০০০/- | | |
| মার্চ/২০১৮ খ্রি. | | জৌনপুরী আশ্রাফিয়া টেক্সটাইল মিলস। | টিসি কাপড় | ৩,৯২,৮০০/- | | |
| | | | মোট= | ১,৩০,৩১,১৪০/- | ৫% | ৬,৫১,৫৫৭/- |

দণ্ডসুদ=৬,৫১,৫৫৭×২% × ২৪ মাস (০১/০৭/২০১৭ খ্রিঃ হতে ৩০/০৬/২০১৯ খ্রিঃ পর্যন্ত) = ৩,১২,৭৪৭/- টাকা

দণ্ডসুদসহ মোট=(৬,৫১,৫৫৭ +৩,১২,৭৪৭)=৯,৬৪,৩০৪/- টাকা

অনুচ্ছেদ নং-৪
পরিশিষ্ট-৪.২

প্রতিষ্ঠানের নাম ঃ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কুমিল্লা সদর সার্কেল।

বিষয় ঃ উৎসে মূসক আদায় না করার বিবরণী।

| মেমো নং ও তারিখ | কোম্পানির নাম | সেবা প্রদানকারী/ক্রয়কারী প্রতিষ্ঠানের নাম | মালামালের বিবরণ | মূল্য | হার | আদায়যোগ্য মূসক |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৭৮, ২৬/০৮/১৭খ্রিঃ | ফরিদ টোয়াইন এন্ড রোপ ইন্ডাঃ লিঃ, বিসিক,কুমিল্লা । ভ্যাট নিবন্ধন নং- ২৩০১১০১৪৫৪৮ | মেসার্স এম. আলম এন্ড ব্রাদার্স, চিটাগং। | কর্ড সুতা (কাট পিছ) | ২২,০০,০০০/- | ৫% | |
| ৬৩৯২, ১০/০৯/১৭খ্রিঃ | | মেসার্স ইসলামিয়া হার্ডওয়্যার স্টোর, ঢাকা। | জুট ইয়ার্ন (সুতালি) | ৪৪,০০,০০০/- | | |
| ২৮৮১, ১৩/১১/১৭খ্রিঃ | | মেসার্স বিজয় এন্ড ব্রাদার্স, কুমিল্লা। | কর্ড সুতা (কাট পিছ) | ৪৪,০০,০০০/- | | |
| ১২১০, ১২/০২/১৮খ্রিঃ | | মেসার্স মোস্তাফিজ এন্ড ব্রাদার্স, চট্টগ্রাম। | কর্ড সুতা (কাট পিছ) | ৪৪,০০,০০০/- | | |
| ২৮৮০, ০৫/০৪/১৮খ্রিঃ | | মেসার্স বিজয় এন্ড ব্রাদার্স, কুমিল্লা। | কর্ড সুতা (কাট পিছ) | ৪০,০০,০০০/- | | |
| | | | **উপ মোট=** | **১,৯৪,০০,০০০/-** | **৫%** | **৯,৭০,০০০/-** |
| ৯২, ২৬/০৮/১৭খ্রিঃ | ফরিদ ফাইবার এন্ড উইভিং লিঃ, বিসিক, কুমিল্লা । ভ্যাট নিবন্ধন নং- ২৩০১১০০২১৪৭ | মেসার্স এম. আলম এন্ড ব্রাদার্স, চিটাগং। | কর্ড সুতা (কাট পিছ) | ২২,০০,০০০/- | ৫% | |
| ২৮৮২, ১৩/১১/১৭খ্রিঃ | | মেসার্স বিজয় এন্ড ব্রাদার্স, কুমিল্লা। | কর্ড সুতা (কাট পিছ) | ৪৪,০০,০০০/- | | |
| ১২১১, ১২/০২/১৮খ্রিঃ | | মেসার্স মোস্তাফিজ এন্ড ব্রাদার্স, চট্টগ্রাম। | কর্ড সুতা (কাট পিছ) | ৪৪,০০,০০০/- | | |
| ১২০৫ ০৫/০৪/১৮খ্রিঃ | | মেসার্স মোস্তাফিজ এন্ড ব্রাদার্স, চট্টগ্রাম। | কর্ড সুতা (কাট পিছ) | ৩৫,০০,০০০/- | | |
| | | | **উপ মোট=** | **১,৪৫,০০,০০০/-** | **৫%** | **৭,২৫,০০০/-** |
| | | | **সর্বমোট=** | **৩,৩৯,০০,০০০/-** | **৫%** | **১৬,৯৫,০০০/-** |

দণ্ডসুদ=১৬,৯৫,০০০ × ২% × ২৪ মাস (০১/০৭/২০১৭ খ্রিঃ হতে ৩০/০৬/২০১৯ খ্রিঃ পর্যন্ত) = ৮,১৩,৬০০/- টাকা

দণ্ডসুদসহ মোট=(১৬,৯৫,০০০+৮,১৩,৬০০)=২৫,০৮,৬০০/- টাকা



৪—

অনুচ্ছেদ নং-৫
পরিশিষ্ট-৫

বিষয়ঃ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অধীনস্থ ৩টি সার্কেলের নিরীক্ষাযোগ্য রেকর্ডপত্র উপস্থাপন না করায় রাজস্ব আদায়ের সঠিকতা নিরূপণ করা সম্ভব হয়নি।

| ক্রমিক নং | সার্কেলের নাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সোনারগাঁও সার্কেল। | ২৪১.৩৭ কোটি |
| ২. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বরিশাল-১ সার্কেল। | তথ্য প্রদান করেনি |
| ৩. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বরিশাল-২ সার্কেল। | তথ্য প্রদান করেনি |

২১/৯/২১

(এস এম রেজভী)
মহাপরিচালক
রাজস্ব অডিট অধিদপ্তর।